

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 06-02-2026**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ‘পরীক্ষা পে চর্চা’-র নবম সংস্করণে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন।
- (২) শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তুল চাকমা বলেছেন, ২০২৬-২৭ অর্থবছরের কেন্দ্রীয় বাজেটে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন ও জনকল্যাণে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে।
- (৩) কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন, সারা দেশে এ পর্যন্ত মোট ৮ কোটি ৪৭ লক্ষেরও বেশি কৃষক পরিচয়পত্র প্রদান করা হচ্ছে।
- (৪) উত্তর পূর্বের প্রথম দাবাড়ু হিসেবে মহিলা আন্তর্জাতিক মাস্টার্সের খেতাব অর্থাৎ WIM নর্ম পেলো রাজ্যের সোনার মেয়ে অর্শিয়া দাস।

\*\*\*\*\*

**Pariksha Pe Charcha-PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ‘পরীক্ষা পে চর্চা’-র নবম সংস্করণে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি পরীক্ষার সময় মানসিক চাপ ও উদ্বেগ কীভাবে কাটিয়ে ওঠা যায়, সে বিষয়ে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন।

# ##### Byte-PM 1 #####

আলোচনাকালে প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের নিজেদের স্বতন্ত্র শেখার ধরন বা পদ্ধতির ওপর আস্থা রাখতে পরামর্শ দেন। তিনি জোর দিয়ে বলেন, কোনো দুই ব্যক্তি একইভাবে চিন্তা করে না বা একইভাবে বিকশিত হয় না। তিনি বলেন, প্রত্যেক শিক্ষার্থীরই আলাদা শৈলী রয়েছে এবং নিজের প্রস্তুতির ধরণ বা প্যাটার্নের ওপর পূর্ণ বিশ্বাস রাখা গুরুত্বপূর্ণ।

# ##### Byte-PM 2 #####

তিনি উল্লেখ করেন, একইসঙ্গে শিক্ষার্থীদের শিক্ষক, অভিভাবক এবং পরামর্শদাতাদের দেওয়া পরামর্শ মনোযোগ দিয়ে শুনতে হবে, তা গভীরভাবে বুঝতে হবে এবং তারপর যা উপকারী তা গ্রহণ করে নিজের মতো করে প্রয়োগ করতে হবে।

# ##### Byte-PM 3 #####

\*\*\*\*\*

### **Pariksha Pe Charcha-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু আজ সকালে বেরিমুড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক শিক্ষিকা ও অভিভাবকদের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির 'পরীক্ষা পে চাঁ'র ভার্চুয়াল অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। তিনি বেরিমুড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের সঙ্গে আলাপচারিতায় অংশগ্রহণ করেন এবং পরীক্ষা সম্পর্কে তাদের অভিমত জানতে চান। এই প্রসঙ্গে রাজ্যপাল বলেন, ছাত্রছাত্রীদের বেড়ে উঠার ক্ষেত্রে অভিভাবক ও শিক্ষক শিক্ষিকাদের বিরাট ভূমিকা রয়েছে। তিনি ছাত্রছাত্রীদের সব সময় ভালো ফলাফল এবং সমাজে ভালো কাজের সঙ্গে যুক্ত থাকতে উদ্ব�ৃদ্ধ করতে অভিভাবকদের প্রতি আহ্বান জানান।

\*\*\*\*\*

### **Pariksha Pe Charcha-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, 'পরীক্ষা পে চাঁ' শুধুমাত্র একটি অনুষ্ঠান নয়, এটি ছাত্রছাত্রীদের জন্য এক অনুপ্রেণণামূলক দিকনির্দেশনা। এটি ইতিবাচক মনোভাব নিয়ে পরীক্ষার মুখোমুখি হওয়ার একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। আজ আগরতলার বড়দোয়ালী উচ্চতর-মাধ্যমিক বিদ্যালয়ে ভার্চুয়ালভাবে 'পরীক্ষা পে চাঁ'-এর নবম সংস্করণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, 'পরীক্ষা হলো নিজের জ্ঞান, পরিশ্রম এবং দক্ষতা প্রদর্শনের একটি সুযোগ, কোনও প্রকার ভয়ের বিষয় নয়।

মুখ্যমন্ত্রী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, জীবনে সফল হতে গেলে নিয়মিত অধ্যয়ন, সময়ের সঠিক ব্যবহার, আচার-ব্যবহারের উন্নতিকরণ, শরীরচাচা, আঘবিশ্বাসই সবচেয়ে বড় শক্তি। নিজেকে উপলক্ষ্মি করা, নিজ বিকাশসাধন হলো শিক্ষার মূল বক্তব্য। তিনি ছাত্রছাত্রীদের সঙ্গে শিক্ষক-শিক্ষিকাদের সুসম্পর্ক গড়ে তোলার উপরও ওরুষ আরোপ করেন।

\* \* \* \* \*

### **Pariksha Pe Charcha-UNAKOTI :**

পরীক্ষা পে চাচা এর নবম সংস্করণ আজ উনকোটি জেলার স্কুলগুলোতে সরাসরি সম্প্রচার করা হয়। জেলার স্মার্ট ক্লাসরুমে এবং বড় পর্দায় এই অনুষ্ঠান দেখানোর ব্যবস্থা করা হয়। জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার জানান, উনকোটি জেলার ১৪৮টি উচ্চ বুনিয়াদি, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ৩০ হাজারেরও বেশি ছাত্রছাত্রী ‘পরীক্ষা পে চাচা’র অনুষ্ঠানটি দেখেন।

\* \* \* \* \*

### **Special Talk-Pariksha Pe Charcha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শিক্ষার্থীদের মানসিক চাপ কমানো ও আঘবিশ্বাস বৃদ্ধির ওপর ওরুষ দিয়ে আজ “পরীক্ষা পে চাচায় আলোচনা করেছেন। প্রধানমন্ত্রীর পরীক্ষা পে চাচা বিষয়ে আকাশবাণীর সংবাদ বিভাগের একটি বিশেষ আলোচনা শোনা যাবে আজ রাত ষষ্ঠা ১৫ মিনিটে। অনুষ্ঠানটি আকাশবাণীর আগরতলা কেন্দ্র থেকে প্রচারিত হবে।

\* \* \* \* \*

### **Budget-Santana Chakma :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তানা চাকমা বলেছেন, কেন্দ্রীয় সরকারের ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন ও জনকল্যাণে বিশেষ ওরুষ দেওয়া হয়েছে। পরিকাঠামো উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং

কৃষি খাতের অগ্রগতিকে অগ্রাধিকার দিয়ে সড়ক, রেল ও বিমান যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে পর্যাপ্ত অর্থের সংস্থান রাখা হয়েছে।

তিনি আরও বলেন, বাজেটে নারীর ক্ষমতায়ন, সামাজিক সুরক্ষা প্রকল্পের সম্প্রসারণ, স্বনির্ভর গোষ্ঠীর আর্থিক সহায়তা এবং দরিদ্র ও প্রাণ্তিক মানুষের কল্যাণে বিভিন্ন কর্মসূচির ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

\*\*\*\*\*

### **KVK-Sepahijala :**

সিপাহীজলা জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আজ চড়িলাম লকের ছেচড়িমাই গ্রাম পঞ্চায়েতের অধীন ধান ক্ষেতে সমন্বিত কৃষিশক্তি ব্যবস্থাপনার উপর এক প্রদর্শনীর আয়োজন করা হয়। ICAR-এর অধীন ন্যাশনাল রিসার্চ ইনসিটিউট ফর ইন্ট্রিপ্রেটেড পেস্ট ম্যানেজমেন্টের আর্থিক সহায়তায় স্থানীয় কৃষকরা বিজ্ঞান ভিত্তিক জৈবিক পদ্ধতিতে কিভাবে নিজেদের ফসলকে কীট পতঙ্গের হাত থেকে রক্ষা করতে পারেন, তা হাতে কলমে দেখানো হয়।

\*\*\*\*\*

### **GBMRI :**

আগরতলা সরকারী মেডিকেল কলেজ ও জিবি হাসপাতালে আগামী ১ই ফেব্রুয়ারি থেকে দিনরাত ২৪ ঘন্টা এম.আর.আই পরিষেবা পাওয়া যাবে। জিবি হাসপাতালের মেডিকেল সুপার ডাঃ বিধান গোস্বামী আজ এ খবর জানিয়েছেন।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

# ##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিলিউ. ডিলিউ. ডিলিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\* \* \* \* \*

### **Farmer Identification Card :**

সারা দেশে এ পর্যন্ত মোট ৮ কোটি ৪৭ লক্ষেরও বেশি কৃষক পরিচয়পত্র প্রদান করা হয়েছে। সরকার ২০২৬-২৭ সালের মধ্যে দেশে ১১ কোটি কৃষকের পরিচয়পত্র তৈরি করার লক্ষ্যমামাত্রা নির্ধারণ করেছে। আজ রাজ্যসভায় প্রশ্নের পর্বে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান জানান, বর্তমানে ১৯টি রাজ্যে কৃষক পরিচয়পত্র তৈরি করা হচ্ছে। এই রাজ্যগুলির মধ্যে রয়েছে উত্তরপ্রদেশ, অসমপ্রদেশ, আসাম, বিহার, ছত্তিশগড়, গুজরাট, হরিয়ানা, হিমাচল প্রদেশ, কর্ণাটক, কেরালা, পাঞ্জাব, ওড়িশা এবং তেলেঙ্গানা। তিনি আরও জানান, ২ কোটি ৯০ লক্ষ কৃষককে ন্যাশন ক্রপ ইন্ডুরেন্স পোর্টালের সঙ্গে যুক্ত করা হয়েছে।

\* \* \* \* \*

### **PM-Nagaland :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বলেছেন, ভারত সরকার, নাগাল্যান্ড সরকার এবং ইস্টার্ন নাগাল্যান্ড পিপলস' অর্গানাইজেশনের প্রতিনিধিদের মধ্যে স্বাক্ষরিত চুক্তিটি জনগণের জন্য নতুন সুযোগ ও সমৃদ্ধির পথ খুলে দেবে। আজ স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের একটি পোস্ট সামাজিক মাধ্যমে শেয়ার করে প্রধানমন্ত্রী জানান, এই চুক্তি পূর্ব নাগাল্যান্ডের উন্নয়নের গতি আরও স্বরাষ্ট্রিত করবে। তিনি আরও বলেন, এই চুক্তি উত্তর-পূর্বাঞ্চলে শান্তি,

অগ্রগতি এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের প্রতি সরকারের অটল অঙ্গীকারের প্রতিফলন।

\* \* \* \* \*

### **Opposition Leader :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আগরতলা পুর নিগম এলাকা থেকে উচ্ছেদ হওয়া হকারদের ব্যবসা বাণিজ্যের জন্য স্থায়ী পুনর্বাসনের দাবি জানিয়েছেন। তাছাড়া যানবাহনের লাইসেন্স প্রদানে নিয়ন্ত্রণ রাখার জন্যও রাজ্য সরকারের কাছে দাবি জানানো হয়েছে।

\* \* \* \* \*

### **DYFI :**

ডি.ওয়াই.এফ.আই ও টি.ওয়াই.এফের যৌথ উদ্যোগে আগামী ৮ই ফেব্রুয়ারী প্রজন্ম বাঁচাও কর্মসূচির দ্বিতীয় পর্যায়ে একটি পদ্যাত্রা অনুষ্ঠিত হবে। আজ আগরতলার ছাত্রবুব ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান ডি.ওয়াই.এফ.আই-এর রাজ্য সম্পাদক নবারূণ দেব। তিনি জানান, নেশা, জুয়া ও দুর্নীতির বিরুদ্ধে এবং সন্তান মুক্ত ত্রিপুরা গড়তে এই কর্মসূচি নেওয়া হয়েছে।

\* \* \* \* \*

### **Tobacco Control :**

পশ্চিম জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচির অঙ্গ হিসেবে আজ লেফুঙ্গা বনকে তামাক নিয়ন্ত্রণ বিধির উপর এক সচেতনতা সভার আয়োজন করা হয়। তামাক সেবনের ক্ষতিকারক দিক এবং এর ফলে বিভিন্ন রোগ সম্পর্কিত বিষয়ে সভায় বিশেষজ্ঞ চিকিৎসকগণ বিস্তারিত তথ্য তুলে ধরেন।

\* \* \* \* \*

### **Arshya :**

উত্তর পূর্বের প্রথম দাবাড়ু হিসেবে মহিলা আন্তর্জাতিক মাস্টার্সের খেতাব অর্থাৎ WIM নর্ম পেলো রাজ্যের সোনার মেয়ে অর্শিয়া দাস। সার্বিয়াতে আন্তর্জাতিক দাবায় অংশ নিয়ে অর্শিয়া এই নর্ম পায়। এর সাথে মহিলা গ্যাল্ড মাস্টার্সের প্রথম নর্ম স্পর্শ করে। এই টুর্নামেন্টে অর্শিয়ার আন্তর্জাতিক রেটিং ২৩০০ অতিক্রম করে।

\* \* \* \* \*

### **Padmajang Football :**

কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় মনিপুরের ট্রাউ দল জয়লাভ করেছে। খেলার প্রথমার্ধ গোলশূন্য থাকার পর দ্বিতীয়ার্ধে দুই - শূণ্য গোলের ব্যবধানে তারা ইয়ং দারলং এসোসিয়েশনকে পরাজিত করে।

\* \* \* \* \*

### **Naidu Cricket :**

ত্রিপুরা ও তামিলনাড়ুর মধ্যে কর্নেল সি কে নাইডু ট্রফি অনুর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে তামিলনাড়ুর ডিন্ডিগোলে শুরু হয়েছে। টসে জিতে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৬৮ রান করে। জবাবে স্বাগতিক তামিলনাড়ু প্রথম ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ৯০ রান করে।

\* \* \* \* \*

### **Women Cricket :**

মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে গ্রন্থের প্রথম খেলায় ত্রিপুরা পরাজিত হয়েছে। আজ রাঁচির তাওরিয়ান ওয়াল্ড স্কুল মাঠে অনুষ্ঠিত খেলায় হয়দ্রাবাদ ৫৮ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\* \* \* \* \*

### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\* \* \* \* \*